SEID
Disability is not a barrier

# বার্ষিক প্রতিবেদন-২০২১

২০০৩ সালে প্রতিষ্ঠিত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তর, এবং এনজিও বিষয়ক ব্যুরোর অধীনে নিবন্ধিত, সীড (সোসাইটি ফর এডুকেশন এন্ড ইনক্লুশন অফ দ্যা ডিজএ্যাবল্ড) সুবিধাবঞ্চিত নিউরো-ডেভেলপমেন্টাল (এনডিডি) (অটিজম, ডাউনস সিন্ড্রোম, সেরিব্রাল পালসি ও বুদ্ধি প্রতিবন্ধী বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তি) ও বহুমাত্রিক প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার প্রতিষ্ঠা করার মাধ্যমে সমাজে তাদের অন্তর্ভূক্ত করার লক্ষ্যে কাজ করে চলেছে। সীড বর্তমানে মোহাম্মদপুর এবং কামরাঙ্গীরচর সেন্টারের মাধ্যমে বিশেষ ও প্রাক প্রাথমিক শিক্ষা, বৃত্তিমূলক প্রশিক্ষণ, খাবার/টিফিন ও ফিজিওথেরাপি সেবা প্রদানের পাশাপাশি এডভোকেসী ও একীভূত কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে “কাস্টমাইজড এমপ্লয়মেন্ট” কর্মসূচী পরিচালনা করছে।

নিম্নে সীড এর ২০২১ সালে সমাপ্তকৃত/চলমান সকল প্রকল্পের সারসংক্ষেপ দেয়া হল:

| ক্রমিক নং | প্রকল্পের নাম ও কার্যক্রম | সমাপ্তকৃত/চলমান কার্যক্রম | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | কোভিড-১৯ কার্যক্রম | • সরকার ঘোষিত লকডাউনের কারণে সীড নিয়মিতভাবে গত ০৪ এপ্রিল ২০২১ থেকে ১১ আগষ্ট ২০২১ পর্যন্ত প্রত্যেকটি সুবিধাভোগী ও তাদের পরিবারের সাথে মোবাইলের মাধ্যমে যোগাযোগ করেছে। সামাজিক দূরত্ব বজায় রাখা সহ মাস্ক পরা, হাত ধোয়া, কোভিড-১৯ টেষ্ট প্রত্যেকটি বিষয় ট্র্যাক শীটের মাধ্যমে সম্পন্ন করে লিপিবদ্ধ করা হয়েছে।<br>• সরকারি বিভিন্ন সেবা প্রতিষ্ঠান ও জরুরী বিভাগের ফোন নম্বর | • মোহাম্মদপুর সমাজসেবা কার্যালয় হতে সীড এর মোহাম্মদপুর শাখার ২১ জন সুবিধাভোগীকে ত্রাণের ব্যবস্থা করা হয়েছে।<br>• সীড-সামিট প্রকল্প হতে কামরাঙ্গীরচর শাখায় মোট ১১৫ জন সুবিধাভোগীকে ত্রাণ প্রদান করা হয়েছে।<br>• সীড-জেনারেল প্রকল্প হতে মোহাম্মদপুর শাখার ৩৬ জন সুবিধাভোগীকে ত্রাণ প্রদান করা হয়েছে।<br>• ব্যক্তিগত অনুদানে কামরাঙ্গীরচর শাখায় মোট ৮৫ জন সুবিধাভোগীকে =১,০০০/- টাকা প্রদান করা হয়েছে।<br>• মোহাম্মদপুর ও কামরঙ্গীরচর শাখার মোট ১৫১ জন সুবিধাভোগী ও তাদের পরিবারের শারীরিক/মানসিক/আর্থিক অবস্থা সম্পর্কে জেনে পরবর্তী | • ২০২১ সালে জুন মাসে, সীড এর ১ জন প্রশিক্ষণার্থী কোভিড- ১৯ দ্বারা আক্রান্ত হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিয়মিতভাবে সুবিধাভোগীদেরকে জানানো হয়েছে।<br>● সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান, দাতাসংস্থা ও ব্যক্তিগত অনুদানকারীদের সাথে ত্রাণের বিষয়ে এডভোকেসী করা হয়েছে। | পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br>● ২০২১ সালে জুন মাসে, সীড এর ২ জন প্রশিক্ষণার্থীকে কোভিড- ১৯ টেষ্ট করানো সম্ভব হয়েছে।<br>● ০৩ জন প্রশিক্ষণার্থী কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণ করেছে।<br>● ১৫১ জন সুবিধাভোগীদের মাঝে স্বাস্থ্য সুরক্ষার সামগ্রী (মাস্ক, সাবান, নাপা, প্রভৃতি) বিতরণ করা হয়েছে। | |
| ২. | "সীড-সামিট" প্রকল্প | ● প্রত্যক্ষ উপকারভোগী-১২০জন ( ছেলে-৬৫, মেয়ে-৫৫) এবং পরোক্ষ উপকারভোগী- ৫০০জন<br>● **স্কুল রেডিনেস ও বৃত্তিমূলক** প্রশিক্ষণ **কর্মসূচি**<br>১ জানুয়ারী, ২০২১ থেকে ০২ এপ্রিল এবং পরবর্তীতে ১১ আগষ্ট হতে অদ্যবধি, ২০২১ পর্যন্ত প্রতিদিন গড়ে সেবা পাচ্ছে-<br>➢ ফিজিওথেরাপি- ২৪ জন<br>➢ বিশেষ ও প্রাক-প্রাথমিক শিক্ষা- ২৪ জন<br>➢ খাবার/টিফিন - ২৪ জন<br>➢ বৃত্তিমূলক প্রশিক্ষণ - ২৪ জন<br>● **কাস্টমাইজড এমপ্লয়মেন্ট**<br>➢ ১০ জন এনডিডি ও বহুমাত্রিক প্রতিবন্ধী ব্যক্তির Need Assessment করা হয়েছে<br>➢ ১০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ ভাতা গ্রহণ করছে<br>➢ ১০ জন প্রশিক্ষণার্থী জবকোচ সেবা পাচ্ছে | ● কোভিড-১৯ এর কারণে স্বাস্থ্য সুরক্ষা মেনে কুসুমকলি হতে গোলাপ শ্রেণি পর্যন্ত প্রত্যেক শিক্ষার্থী রুটিন অনুযায়ী সপ্তাহে ২দিন শ্রেণিতে বসে ক্লাস করেছে। বৃত্তিমূলক প্রশিক্ষণার্থীরা সপ্তাহে ৫দিন প্রশিক্ষণ গ্রহণ করেছে।<br>● বৃত্তিমূলক প্রশিক্ষণার্থীরা মোট ৫০০টি মাস্ক, ৮টি বিছানার চাদর, ৪টি টেবিল ক্লথ, ৩টি বিছানার চাদর, ২টি নকশি কাঁথা ও ১টি শাড়ি তৈরী করেছে।<br>● ১০জন প্রশিক্ষণার্থী সীড-রান্নাঘর এ প্রশিক্ষণ গ্রহণ করেছে | ● ০৪ এপ্রিল ২০২১ সরকারি ঘোষণা অনুযায়ী সীড-সামিট শাখাটি কোভিড-১৯ এর জন্য বন্ধ করা হয়। পরবর্তীতে ১১ আগষ্ট, ২০২১ হতে ফিজিওথেরাপি সেবা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ সেবা চালু করা হয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | • রেফারাল সার্ভিস গ্রহণ করেছে ১৩ জন<br>• ৬/৭ জন শিক্ষার্থীকে ২০২২ সালে মূলধারা বিদ্যালয়ে ভর্তির (শিক্ষা উপকরণ, ভর্তি ফি) সহায়তা প্রদান করা হবে | | |
| ৩. | ইনক্লুশন ওয়ার্কস প্রকল্প (ইনক্লুশন ইন্টারন্যাশনাল) | • নিউরোডেভেলপমেন্টাল (এনডিডি) প্রতিবন্ধী ব্যক্তিদের চাকরির ব্যবস্থা করার জন্য বিভিন্ন চাকরিদাতাদের সাথে মিটিং এর মাধ্যমে এডভোকেসী করা হয়েছে<br>• নিউরোডেভেলপমেন্টাল (এনডিডি) প্রতিবন্ধী ব্যক্তিদের মূলধারার কর্মসংস্থানে সম্পৃক্ত করার লক্ষ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উপযুক্ত কাজের পরিবেশ, আইন ও দক্ষতা বিষয়ক চাকরিদাতাদের সাথে ১টি ওয়েবিনার ও ১টি কর্মশালা করা হয়। পাশাপাশি সীড এর মোহাম্মদপুর ও কামরাঙ্গীরচর শাখায় সীড এর সেল্ফ এডভোকেসী দল, পরিবার এবং চাকরিদাতাদের সাথে ২টি কর্মশালা করা হয়েছে।<br>• সীড এর সেল্ফ এডভোকেসী দলের সাথে ২০২২ সালে প্রকল্পের নতুন কার্যক্রম সম্পর্কিত মতামত গ্রহণের উদ্দেশ্যে ১টি সভার আয়োজন করা হয়েছে।<br>• প্রকল্পের কার্যক্রম সম্পর্কিত তথ্য আদান-প্রদান ও বিষয়বস্তু নিজেদের মধ্যে আলোচনা ও জানানোর উদ্দেশ্যে | • ২০২১ সালের নিয়মিত এডভোকেসীর ফলে কনসর্টিয়াম পার্টনার এডিডি ইন্টারন্যাশনাল মার্চ ২০২১ মাসে সীড এর ১০ জন সেল্ফ এডভোকেটকে প্রশিক্ষণ ভাতা প্রদান করেছেন।<br>• কর্মশালায় চাকরিদাতাদের কাছে ২ জন সেল্ফ এডভোকেট তাদের চাকরি বিষয়ক সক্ষমতা, দূর্বলতা, চাহিদা উপস্থাপন করেছেন। | • বাজেট ঘাটতির কারণে ৩০ সেপ্টেম্বর ২০২১ সালের প্রকল্পটির কার্যক্রম সমাপ্ত হয়।<br>• দাতা সংস্থা ২০২২ সালে সেল্ফ এডভোকেসী কার্যক্রমের জন্য ০৬ (ছয়) মাস মেয়াদি নতুন প্রকল্প প্রদান করেছেন। যা ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখে এনজিও বিষয়ক ব্যুরো হতে প্রকল্পটি অনুমোদিত হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দেশীয় ও আন্তর্জাতিক কনসোর্টিয়াম সদস্য সংগঠনগুলোর সাথে মাসিক সভায় অংশগ্রহণ করা হয়েছে। | | |
| ৪. | "সীড-বেনেটেক" প্রকল্প | • এনডিডি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহজে ব্যবহার উপযোগী একটি ওয়েবঅ্যাপ তৈরী করা হয়। এই অ্যাপটির জন্য জাতীয় ও আন্তর্জাতিক আইন (UNCRPD) অনুযায়ী বিষয়বস্তু নির্বাচন ও অনুবাদ করা হয়। পাশাপাশি সেল্ফ এডভোকেটদের চাহিদানুযায়ী অল্প সংখ্যক ছবি ও ভিডিও ওয়েবঅ্যাপটিতে সংযুক্ত করা হয়।<br>• ২৫ জন সেল্ফ এডভোকেট ও ২৫ জন যত্নকারীদের নিয়ে এনডিডি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য তৈরী ওয়েবঅ্যাপের বেটা টেস্টিং করা হয়।<br>• ৬২ জন সেল্ফ এডভোকেট ও ৬৩ জন যত্নকারীসহ মোট ১২৫ জনের সাথে সীড এর মোহাম্মদপুর ও কামরাঙ্গীরচর শাখায় ওয়েবঅ্যাপটির মোট ১২টি পাইলট টেস্টিং করা হয়। পাশাপাশি সরেজমিনে গিয়ে ১০৪ জন ব্যক্তিবর্গের( চাকরিদাতা, এলাকার জনগণ, ডাক্তার, নার্স, উকিল ইত্যাদি) সাথে পাইলট টেস্টিং করা হয়।<br>• কোভিড-১৯ এর কারণে ছোট ছোট দলে বিভক্ত করে ৫০ জন সেল্ফ-এডভোকেট ও ৫০ জন যত্নকারীদের সাথে 'SEID Empower Us' | • এই ওয়েবঅ্যাপের মাধ্যমে বেশিরভাগ সেল্ফ-এডভোকেট এবং তাদের যত্নকারীরা বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত ২টি আইন সম্পর্কে ধারণা লাভ করেছে। অনুচ্ছেদ-২৭ ( চাকরির অধিকার) বিষয়ে সেল্ফ এডভোকেটদের জ্ঞান ও সচেতনতা পূর্বের তুলনায় আরো বৃদ্ধি পেয়েছে<br>• স্মার্টফোনের মাধ্যমে ওয়েবঅ্যাপ ব্যবহার, শেখা এবং বোঝার ক্ষেত্রে বেশিরভাগ সেল্ফ-এডভোকেটদের দক্ষতার উন্নতি হয়েছে।<br>• ডাটা সংগ্রহ পোর্টালে মোট ২৩৫ জন অংশগ্রহণকারীর মূল্যবান তথ্য সংগৃহীত হয়েছে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ওয়েবঅ্যাপটির পরিচালনা বিষয়ক ১০টি প্রশিক্ষণ প্রদান করা হয়। | | |
| ৫. | "সীড-এইচবিসি" প্রকল্প | • প্রত্যক্ষ উপকারভোগী-৪৫জন ( ছেলে-২৬, মেয়ে-১৯) এবং পরোক্ষ উপকারভোগী- ২৭০জন<br>• ৪৫ জন এনডিডি ও বহুমাত্রিক প্রতিবন্ধী ব্যক্তির Need Assessment করা হয়েছে।<br>• ১৯ জন প্রশিক্ষণার্থী বিভিন্ন প্রতিষ্ঠানে প্রশিক্ষণ নিচ্ছে।<br>• সীড হতে ৪৫ জন প্রশিক্ষণার্থীকে পরিবেশ উপযোগি আচার ও ব্যবহার (etiquette & manner) বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• ৪৫ জন প্রশিক্ষণার্থী নিয়মিত জব কোচ সেবা পাচ্ছে। | • ১৯ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করছে। প্রশিক্ষক/দোকান মালিক প্রশিক্ষণার্থীদের কাজে সন্তুষ্ট হয়ে কিছু সখ্যক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ ভাতা, নাস্তা প্রদান করছেন। | প্রকল্পটি চলমান |
| ৬. | "সীড- জেনারেল" প্রকল্প | • প্রতি সপ্তাহে মোট ৪১ জনকে ফিজিওথেরাপি সেবা প্রদান করা হয়েছে। পাশাপশি জানুয়ারি-মার্চ/ ২০২১ পর্যন্ত টিফিন প্রদান করা হয়েছে।<br>• রেফারেল সার্ভিস (বিশেষ স্কুলে ভর্তি, কাউন্সিলিং) প্রদান করা হয়েছে<br>• প্রশিক্ষণার্থীদের ঔষধ সরবরাহের জন্য ব্যক্তিগত অনুদানকারিদের সাথে এডভোকেসী করা হয়েছে<br>• সীড রান্নাঘর<br>➢ ১৯ জুন ২০২১ তারিখে সেল্ফ | • কোভিড-১৯ এর কারণে ফিজিওথেরাপি সেবা বন্ধ থাকায় অনেক শিক্ষার্থী/প্রশিক্ষণার্থীর চলাচল ও ভারসাম্যে অবনতি ঘটে। পরবর্তীতে ফিজিওথেরাপি সেবা চালু করার ফলে শিক্ষার্থী/প্রশিক্ষণার্থীর চলাচল ও ভারসাম্যের উন্নতি ঘটেছে।<br>• ৩জন শিক্ষার্থী/প্রশিক্ষণার্থীকে ১ মাসের ঔষধ প্রদান করা হয়েছে<br>• ২জন প্রশিক্ষণার্থীকে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট এ কাউন্সিলিং এর ব্যবস্থা করা হয়েছে | ০৪ এপ্রিল, ২০২১ হতে সরকার ঘোষিত লকডাউনের কারণে ফিজিওথেরাপি সেবাটি বন্ধ করা হয়। পরবর্তীতে ৬ আগষ্ট, ২০২১ হতে ফিজিওথেরাপি সেবাটি পুনরায় চালু করা হয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এডভোকেটদের জন্য ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠান সীড রান্নাঘর চালু করা হয়েছে<br>➢ ১১ আগস্ট ২০২১ হতে ১০ জন প্রশিক্ষণার্থী  সীড রান্নাঘরে প্রশিক্ষণ গ্রহণ করছে।<br>➢ ইতিমধ্যে সীড রান্নাঘরে তৈরী ডিম চপটি ক্রেতাদের মাঝে সাড়া ফেলেছে | | |
| ৮ | সোশ্যাল মিডিয়া | • ১৯ আগষ্ট ২০২১ তারিখে সেল্ফ-এডভোকেটদের জন্য ইউটিউব চ্যানেল "We Can ” চালু করা হয়েছে। অদ্যবধি এই চ্যানেলে সেল্ফ এডভোকেটদের কার্যক্রম সম্পর্কিত ৪টি ভিডিও আপলোড করা হয়েছে।<br>• ফেইসবুক এ প্রশিক্ষণার্থীদের কার্যক্রম সম্পর্কিত ১৮টি পোষ্ট আপলোড করা হয়েছে | | |
| ৯ | অন্যান্য | • ২০২১ সালে বার্জার পেইন্টস কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় সীড এর ১২ জন শিক্ষার্থী/ প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছে।<br>• বিভিন্ন দিবস ও ঈদ উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা কার্ডের জন্য সমাজসেবা অধিদপ্তরে শিক্ষার্থী/ প্রশিক্ষণার্থীদের আঁকা ছবি নিয়মিত পাঠানো হয়েছে। | • ২ জন প্রশিক্ষণার্থী/সেল্ফ এডভোকেটের আঁকা ছবি প্রধানমন্ত্রীর শুভেচ্ছা কার্ডের জন্য মনোনীত হয় এবং ২ জনই পুরস্কারস্বরুপ ১,০০০০০/=( এক লাখ টাকা) ১টি করে চেক প্রাপ্ত হয়।<br>• অপর আরেক জন প্রশিক্ষণার্থী বার্জার পেইন্টস কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ১ম স্থান অধিকার করে এবং পুরস্কারস্বরুপ =২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা) টাকার ১টি চেক প্রাপ্ত হয়। | |